

ক্রমিক নং	বিষয়বস্তু	বিবরণ								
১	প্রকল্পের নাম	জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়ন (ইনফো-সরকার ৩য় পর্যায়) প্রকল্প								
২	মেয়াদ	জানুয়ারি ২০১৭ - জুন ২০২০								
৩	প্রাক্কলিত ব্যয়	<table border="1"> <thead> <tr> <th>অর্থের উৎস</th> <th>পরিমাণ</th> </tr> </thead> <tbody> <tr> <td>বৈদেশিক সাহায্য</td> <td>১২২৭৪১.৪৯ (লক্ষ টাকায়)</td> </tr> <tr> <td>জিওবি</td> <td>৮১২০৬.৭৬ (লক্ষ টাকায়)</td> </tr> <tr> <td>মোট</td> <td>২০৩৯৪৮.২৫ (লক্ষ টাকায়)</td> </tr> </tbody> </table>	অর্থের উৎস	পরিমাণ	বৈদেশিক সাহায্য	১২২৭৪১.৪৯ (লক্ষ টাকায়)	জিওবি	৮১২০৬.৭৬ (লক্ষ টাকায়)	মোট	২০৩৯৪৮.২৫ (লক্ষ টাকায়)
অর্থের উৎস	পরিমাণ									
বৈদেশিক সাহায্য	১২২৭৪১.৪৯ (লক্ষ টাকায়)									
জিওবি	৮১২০৬.৭৬ (লক্ষ টাকায়)									
মোট	২০৩৯৪৮.২৫ (লক্ষ টাকায়)									
৪	জনবল	কমকর্তা: ৭৩ জন কর্মচারী: ৭৫ জন								
৫	পটভূমি	জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়ন (ইনফো-সরকার ৩য় পর্যায়) প্রকল্প বাস্তবায়ন করার লক্ষ্যে দেশজুড়ে ২৬০০ ইউনিয়নে অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে দুতগতির ইন্টারনেট অবকাঠামো তৈরী করা হয়েছে। যার মাধ্যমে দেশের ৬০ শতাংশ জনগণের ইন্টারনেট ব্যবহারের সুযোগ রয়েছে। ফলে আউটসোর্সিং এর মাধ্যমে বিপুল পরিমাণ কর্মসংস্থান সৃষ্টির সম্ভাবনা তৈরি হয়েছে যা দেশের তরুণ জনগোষ্ঠীকে জনসম্পদে রূপান্তরিত করে জনগণের দোড়গোড়ায় ডিজিটাল সেবা পৌঁছে দেবে। এছাড়াও বাংলাদেশ পুলিশের ১,০০০ টি অফিস Virtual Private Network সংযোগ স্থাপন সম্পন্ন হয়েছে যা বাংলাদেশ পুলিশকে তথ্য প্রযুক্তির দিক থেকে অধিক শক্তিশালী করবে এবং তথ্য নিরাপত্তা প্রদান করবে। বাংলাদেশের গ্রামীণ জনগোষ্ঠীর মধ্যে জন্ম নিবন্ধন, টেলিমেডিসিন, কৃষি তথ্য, স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ে ভর্তি তথ্য, ভূমি সংক্রান্ত তথ্য, মোবাইল ব্যাংকিং, ভোটার আইডি কার্ড, পাসপোর্ট, ট্যাক্স, ভিডিও কনফারেন্সিং ইত্যাদি ই-সেবাসমূহ (e-Service) সম্প্রসারণ করা সম্ভব হয়েছে। ডিজিটাল বাংলাদেশ: ভিশন ২০২১ বিনির্মাণে ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্প অক্লান্ত পরিশ্রমের সাথে কাজ করে যাচ্ছে।								
৬	লক্ষ্য ও উদ্দেশ্য	<ul style="list-style-type: none"> ২৬০০ ইউনিয়নে অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ স্থাপন; ৬৩ টি জেলা ও ৪৮৮ টি উপজেলার মধ্যে Dense Wavelength Division Multiplexing (DWDM) নেটওয়ার্ক স্থাপন; ১০০০টি পুলিশ অফিসে Virtual Private Network (VPN) সংযোগ প্রদান; বিদ্যমান ব্যাকবোন নেটওয়ার্ক এর ক্ষমতা বৃদ্ধি; নেটওয়ার্ক তদারকি এবং ব্যবস্থাপনার জন্য Network Monitoring System (NMS) প্রতিষ্ঠা; আউটসোর্সিং এর মাধ্যমে বিপুল সংখ্যক তরুণ জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি। 								
৭	প্রকল্পের উল্লেখ্যযোগ্য কম্পোনেন্ট	এই প্রকল্পে অত্যাধুনিক Dense Wavelength Division Multiplexing (DWDM) পদ্ধতিতে দেশজুড়ে শক্তিশালী ইন্টারনেট ব্যাকবোন অবকাঠামো নির্মাণ কাজ প্রায় শেষ পর্যায়ে। এই অবকাঠামো নির্মাণে ১৯,৫০০ কিলোমিটার অপটিক্যাল ফাইবার ক্যাবল ব্যবহার করা হয়েছে যার মধ্যে ১২,০০০ কিলোমিটার ওভারহেড পদ্ধতিতে এবং ৭,৫০০ কিলোমিটার আন্ডারগ্রাউন্ড পদ্ধতিতে। দেশের ২,৬০০ ইউনিয়নকে এই অবকাঠামোর আওতায় আনা হয়েছে। এছাড়াও ১,০০০ পুলিশ অফিসে Virtual Private Network (VPN) সংযোগ প্রদান করা হয়েছে।								
৮	বাস্তবায়ন অগ্রগতি	<ul style="list-style-type: none"> ১৮,৯৭১ কি.মি. অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপন সম্পন্ন হয়েছে; ২৬০০ টি ইউনিয়নের মধ্যে ২,৩৭৭ টি ইউনিয়নে নেটওয়ার্ক যন্ত্রপাতি স্থাপন সম্পন্ন হয়েছে; ২,২৭০ টি ইউনিয়ন নেটওয়ার্ক মনিটরিং সিস্টেমে সংযোগ করা হয়েছে; ইতোমধ্যে ২৬০০ ইউনিয়ন এর মধ্যে ২,০০৪ টি ইউনিয়নে WiFi Router স্থাপন করা হয়েছে; ১০০০টি পুলিশ অফিসে VPN কানেক্টিভিটি সম্পন্ন হয়েছে; 								
৯	প্রাপ্ত আন্তর্জাতিক পুরস্কারসমূহ	<p>১। World Summit on Information Society (WSIS) Prize 2019 Champion: স্থান: সুইজারল্যান্ডের জেনেভা, তারিখ: ০৯ এপ্রিল ২০১৯ খ্রিঃ</p> <p>২। Asian-Oceanian Computing Industry Organization (ASOCIO) Digital Government Award 2018: স্থান: জাপানের টোকিও, তারিখ: ০৮ নভেম্বর, ২০১৮ খ্রিঃ</p> <p>৩। eASIA Award-2017 স্থান: তাইওয়ানের তাইপে, তারিখ: ১২ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ</p> <p>পুরস্কার ০৩টি মাননীয় প্রধানমন্ত্রীর নিকট হস্তান্তর করা হয়েছে এবং জাতীয় তোষাখানায় সংরক্ষিত হয়েছে।</p>								
১০	সেমিনার/কর্মশালা/ আয়োজিত ইভেন্ট ও প্রতিযোগিতা	<ul style="list-style-type: none"> মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০৫ আগস্ট ২০১৮ খ্রি: এবং ০১ নভেম্বর ২০১৮ খ্রি: তারিখে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ৪৫ জেলার ১৪০০টি ইউনিয়নের কানেক্টিভিটি উদ্বোধন করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক মাননীয় উপদেষ্টা কর্তৃক ১১ এপ্রিল ২০১৮ খ্রি: তারিখে ০৬ জেলার ১৬০টি ইউনিয়নের কানেক্টিভিটি উদ্বোধন করা হয়েছে। মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ০৫ আগস্ট ২০১৭ খ্রি: তারিখে সিলেটে HDPE Duct স্থাপন কার্যক্রম পরিদর্শন, ০৮ ফেব্রুয়ারি ২০১৯ খ্রি: তারিখে কক্সবাজারে, ১৪ মার্চ ২০১৯ খ্রি: তারিখে রাজশাহীতে, ০৩ এপ্রিল ২০১৯ খ্রি: তারিখে খুলনায় এবং ২০ জুন ২০১৯ খ্রি: তারিখে সিলেটে অনুষ্ঠিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন। 								

চলমান ও সমাপ্ত উল্লেখযোগ্য কার্যক্রমের ছবি:



“ইনফো-সরকার-৩” প্রকল্পকে World Summit on the Information Society কর্তৃক Information and Communication Infrastructure ক্যাটাগরীতে WSIS 2019 Champion প্রদান করা হয়েছে। গত ২৯ এপ্রিল, ২০১৯ তারিখে পুরস্কারটি মাননীয় প্রধানমন্ত্রীর নিকট হস্তান্তর করা হয়।



ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের অর্জিত WSIS-2019 Champion পুরস্কার হস্তান্তর- ২৯ এপ্রিল ২০১৯ খ্রিঃ।



১২ নভেম্বর ২০১৮ তারিখে 'ইনফো-সরকার ৩য় পর্যায়' শীর্ষক প্রকল্প কর্তৃক অর্জিত Asian-Oceanian Computing Industry Organization (ASOCIO)-2018 Digital Government Award মাননীয় প্রধানমন্ত্রীর নিকট হস্তান্তর।



e-ASIA award 2017 পদক

Creating Inclusive Digital Opportunities এ অনন্য অবদানের স্বীকৃতি স্বরূপ (AFACT কর্তৃক)





মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গণভবন থেকে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের আওতায় ১০টি জেলার ৩০০টি ইউনিয়নে অপটিক্যাল ফাইবার সংযোগ উদ্বোধন (রোববার, ৫ আগস্ট ২০১৮)



মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গণভবন থেকে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের আওতায় ৩৫টি জেলার ১১০০টি ইউনিয়নে অপটিক্যাল ফাইবার সংযোগ উদ্বোধন (১ নভেম্বর ২০১৮)



মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক মাননীয় উপদেষ্টা মহোদয় কর্তৃক ১১ এপ্রিল ২০১৮ খ্রি: তারিখে ০৬ জেলার ১৬০টি ইউনিয়নের কানেক্টিভিটি উদ্বোধন করা হয়।